দৈনিক বাংলা

তারিখ ... 18 MAY 1990
পৃষ্ঠা ... 7 কলাম 9

# এসএসসি ঃ অঙ্ক পরীক্ষার দিনে ১৪৮০ জন বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার ।।

চারটি শিক্ষা বোর্ডের এসএসসি সাধারণ অঙ্ক পরীক্ষায় গতকাল নকল করার দায়ে ১৪৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতার করার জন্য ১৪ জন শিক্ষককে বহিষ্কার এবং নকল সরবরাহ করার অভিযোগে ১৬ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

বহিষ্কৃতদের মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ৪৪৩ জন, রাজশাহী বোর্ডে ৫৯৮ জন, কুমিল্লা বোর্ডে ৩৬৫ জন এবং যশোর বোর্ডে ৭৪ জন।

আমাদের স্টাফ রিপোর্টার ও নিজস্ব সংবাদদাতাদের পাঠানো খবর ঃ

## ঢাকা বোর্ড

ঢাকা বোর্ডের এসএসসি'র অঙ্ক পরীক্ষায় ১২০টি কেন্দ্র থেকে নকল করার দায়ে ৪৪৩ জনকে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতা করার জন্য ৯ জন পরিদর্শককে বহিষ্কার এবং নকল সরবরাহের দায়ে ৪ জনকে গ্রেফতার করা হয়েছে।

বহিষ্কৃতদের মধ্যে রয়েছে গাজী-

(৫-এর পৃঃ দ্রঃ)

## এসএসসি ঃ অঙ্ক

(প্রথম পৃঃ পর)

পুরে ১৬ জন, নারায়ণগঞ্জে ৮, নরসিংদীতে ৮, মুন্সীগঞ্জে ২২, মানিকগঞ্জে ১৭, টাঙ্গাইলে ৬০, ফরিদপুরে ৪১, মাদারীপুরে ১৭, শরীয়তপুরে ১১, রাজবাড়িতে ৩০, গোপালগঞ্জে ৩৩, ময়মনসিংহে ৫৮, কিশোরগঞ্জে ২৮, নেত্রকোনায় ১৮ ও ঢাকা জেলায় ২৮ জন। এছাড়া ময়মনসিংহে ৪ জন, ফরিদপুরে ১ জন ও ঢাকা জেলায় ৪ জনসহ মোট ৯ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছে।

## রাজশাহী বোর্ড

রাজশাহী বোর্ডের ১৩টি জেলার ৬৮টি কেন্দ্রে এসএসসি'র অঙ্ক পরীক্ষায় নকল করার দায়ে ৫৯৮ জনকে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতার জন্য বগুড়ায় ১ জন শিক্ষককেও বহিষ্কার করা হয়।

বহিষ্কৃতদের মধ্যে রয়েছে নবাবগঞ্জে ২২, নাটোরে ১৬, নওগাঁয় ১৫, পাবনায় ৩১, জয়পুরহাটে ৫৪, রংপুরে ৮৩, গাইবান্ধায় ৩৮, নীলফামারীতে ১৭, সিরাজগঞ্জে ৪৩, ঠাকুরগাঁয় ৩৩, পঞ্চগড়ে ১০, সিরাগঞ্জে ৪২ ও বগুড়ায় ২৩২ জন।

## কুমিল্লা

কুমিল্লা বোর্ডের ৩১টি কেন্দ্র থেকে গতকাল নকলের দায়ে ৩৬৫ জন পরীক্ষার্থী এবং তিনজন পরিদর্শককে বহিষ্কার করা হয়। এছাড়া নকল সরবরাহের দায়ে ৬ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

## যশোর বোর্ড

যশোর বোর্ডে এসএসসি অঙ্ক পরীক্ষায় নকল করার দায়ে ৭৪ জনকে বহিষ্কার করা হয়েছে। নকলে সহযোগিতার দায়ে দুইজন পরিদর্শক ও তিনজন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

## সিলেট

সিলেটের আটটি কেন্দ্রে নকলের অভিযোগে ৩৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## রাজবাড়ি

রাজবাড়ি জেলার ৬টি কেন্দ্রে অঙ্ক পরীক্ষায় নকল করার দায়ে ৩০ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রাজবাড়িতে ১৮, গোয়ালন্দে ৪, পাংশায় ৩, বালিয়াকান্দিতে ৫ জন।

## মানিকগঞ্জ

মানিকগঞ্জের ৭টি কেন্দ্র থেকে ১৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

ঢাকার ৫টি কেন্দ্রে গতকাল ২৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। ধামরাই কেন্দ্রে ৩ জন শিক্ষক ও কেরানীগঞ্জে ২ জন শিক্ষককে নকলে সহযোগিতার দায়ে বহিষ্কার করা হয়েছে।

## সন্দ্বীপ

সন্দ্বীপ উপজেলায় গতকাল ১৩ জন বহিষ্কৃত হয়েছে। ফটোস্ট্যাট মেশিনে নকলের ফটোকপি করার সময় দুটি ফটোস্ট্যাট মেশিন আটক করা হয়েছে। আটককৃত মেশিন দুটো সন্দীপ থানায় রয়েছে।

মিরেরসরাই উপজেলায় ফটোস্ট্যাট মেশিনে উত্তর ফটোস্ট্যাট করার সময় ১টি মেশিন আটক করা হয়েছে।

## পঞ্চগড়

এসএসসি'র অঙ্ক পরীক্ষায় নকল করার দায়ে পঞ্চগড় জেলার ৫টি কেন্দ্রে ১১ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

## বাগেরহাট

গতকাল বাগেরহাটের ৬টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ২২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## মাইজদীকোর্ট

এখানে ৬টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের কারণে ৮৪ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়। চৌমুহনী কলেজ কেন্দ্রে মাস্তানীর অভিযোগে পুলিশ একজনকে গ্রেফতার করেছে।